গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ
দক্ষিণ নগর ভবন ১৩ তলা, ফুলবাড়িয়া, ঢাকা-১০০০
ওয়েবসাইট : www.dtca.gov.bd

নম্বর ৩৫.০২.০০০০.০০২.১১.০০৫.২১.২৩৮

তারিখ : ২৯ এপ্রিল ২০২১ খ্রিষ্টাব্দ

# নিয়োগ বিজ্ঞপ্তি

ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ (ডিটিসিএ) সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের আওতাধীন একটি সংবিধিবদ্ধ সংস্থা : ডিটিসিএ'র রাজস্ব খাতে অস্থায়ীভাবে সৃজনকৃত নিম্নলিখিত পদসমূহ সরাসরি নিয়োগের মাধ্যমে পূরণের লক্ষ্যে পদের পাশে বর্ণিত যোগ্যতাসম্পন্ন বাংলাদেশের স্থায়ী নাগরিকগণের নিকট থেকে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

| ক্রমিক নং | পদের নাম | অনূর্ধ্ব বয়সসীমা | পদের সংখ্যা | প্রয়োজনীয় শিক্ষাগত যোগ্যতা |
|---|---|---|---|---|
| ১। | ট্রান্সপোর্ট ইকোনোমিস্ট<br>গ্রেড-৫, বেতন স্কেল-৪৩০০০-৬৯৮৫০ | ৪৫ বৎসর | ১ | (১) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে পরিবহন অর্থনীতি বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রি বা পুরকৌশল বিষয়ে স্নাতক ডিগ্রিসহ পুরকৌশল বা আরবান প্ল্যানিং বা পরিবহন অর্থনীতি বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রি; এবং<br>(২) সংশ্লিষ্ট ক্ষেত্রে অন্যূন ১২ (বারো) বৎসরের চাকরি। |
| ২। | ম্যানেজার, ট্রাফিক সার্ভে (ডিজাইন এন্ড প্ল্যানিং)<br>গ্রেড-৫, বেতন স্কেল-৪৩০০০-৬৯৮৫০ | ৪৫ বৎসর | ১ | (১) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে পুরকৌশল বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রি;<br>(২) সংশ্লিষ্ট ক্ষেত্রে অন্যূন ১২ (বারো) বৎসরের চাকরি। |
| ৩। | ম্যানেজার, (ডাটাবেজ/ সিস্টেম এনালিস্ট)<br>গ্রেড-৫, বেতন স্কেল-৪৩০০০-৬৯৮৫০ | ৪০ বৎসর | ১ | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে যেকোনো বিষয়ে অন্যূন স্নাতকোত্তর বা কম্পিউটার সায়েন্স বা কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং এ স্নাতক সমমানের ডিগ্রি;<br>(খ) কোনো স্বীকৃত প্রতিষ্ঠানে প্রোগ্রামার বা সহকারী সিস্টেম এনালিস্ট হিসেবে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকরি, তবে কম্পিউটার সায়েন্স বা কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং এ স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রিধারীগণের ক্ষেত্রে অন্যূন ২ (দুই) বৎসরের চাকরি;<br>(গ) কোনো স্বীকৃত পেশাজীবী কম্পিউটার সোসাইটি বা সমিতির সহযোগী সদস্য;<br>(ঘ) সিস্টেমস এনালিস্টে স্বীকৃত দক্ষতা। |
| ৪। | সিনিয়র প্রোগ্রামার (ক্লিয়ারিং হাউজ)<br>গ্রেড-৫, বেতন স্কেল-৪৩০০০-৬৯৮৫০ | ৪০ বৎসর | ১ | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে যেকোনো বিষয়ে অন্যূন স্নাতকোত্তর বা কম্পিউটার সায়েন্স বা কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং এ স্নাতক বা সমমানের ডিগ্রি;<br>(খ) কোনো স্বীকৃত প্রতিষ্ঠানে প্রোগ্রামার বা সহকারী সিস্টেম এনালিস্ট হিসেবে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকরি, তবে কম্পিউটার সায়েন্স বা কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং এ স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রিধারীগণের ক্ষেত্রে অন্যূন ২ (দুই) বৎসরের চাকরি;<br>(গ) কোনো স্বীকৃত পেশাজীবী কম্পিউটার সোসাইটি বা সমিতির সহযোগী সদস্য; এবং<br>(ঘ) সিস্টেমস এনালিস্টে স্বীকৃত দক্ষতা। |
| ৫। | ট্রান্সপোর্ট ইঞ্জিনিয়ার<br>গ্রেড-৫, বেতন স্কেল-৪৩০০০-৬৯৮৫০ | ৪৫ বৎসর | ১ | (১) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে পুরকৌশল বা যন্ত্রকৌশল বা অটোমোবাইল কৌশল বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রি; এবং<br>(২) সংশ্লিষ্ট ক্ষেত্রে অন্যূন ১২ (বারো) বৎসরের চাকরি। |
| ৬। | ম্যাস ট্রানজিট প্ল্যানার<br>গ্রেড-৫, বেতন স্কেল-৪৩০০০-৬৯৮৫০ | ৪৫ বৎসর | ১ | কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে পুরকৌশল বা যন্ত্রকৌশল এ স্নাতক ডিগ্রিসহ ট্রান্সপোর্ট বা ট্রাফিক বা আরবান প্ল্যানিং-এ স্নাতকোত্তর ডিগ্রি এবং গণপরিবহন সংশ্লিষ্ট কাজে অ্যূন ২ (দুই) বৎসরের অভিজ্ঞতাসহ সংশ্লিষ্ট ক্ষেত্রে অন্যূন ১২ (বারো) বৎসরের চাকরি। |
| ৭। | ম্যাস ট্রানজিট ইঞ্জিনিয়ার<br>গ্রেড-৫, বেতন স্কেল-৪৩০০০-৬৯৮৫০ | ৪৫ বৎসর | ১ | (১) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা প্রতিষ্ঠান হইতে পুরকৌশল বা যন্ত্রকৌশল বা তড়িৎ কৌশল এ স্নাতকোত্তর ডিগ্রি বা সমমানের ডিগ্রি;<br>(২) গণপরিবহন সংশ্লিষ্ট কাজে অন্যূন ২ (দুই) বৎসরের অভিজ্ঞতাসহ সংশ্লিষ্ট ক্ষেত্রে অন্যূন ১২ (বারো) বৎসরের চাকরি। |
| ৮। | ডেপুটি ট্রাফিক ইঞ্জিনিয়ার<br>গ্রেড-৭, বেতন স্কেল-২৯০০০-৬৩৪১০/- | ৩৭ বৎসর | ১ | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে পুরকৌশল বিষয়ে স্নাতক ডিগ্রি;<br>(খ) সংশ্লিষ্ট ক্ষেত্রে অন্যূন ৪ (চার) বৎসরের চাকরির অভিজ্ঞতা। |
| ৯। | ডেপুটি ডিজাইন ইঞ্জিনিয়ার<br>গ্রেড-৭, বেতন স্কেল-২৯০০০-৬৩৪১০/- | ৩৭ বৎসর | ১ | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে পুরকৌশল বিষয়ে স্নাতক ডিগ্রি;<br>(খ) সংশ্লিষ্ট ক্ষেত্রে অন্যূন ৪ (চার) বৎসরের চাকুরি। |
| ১০। | ডেপুটি পলিউশন কন্ট্রোল প্ল্যানিং অফিসার<br>গ্রেড-৭, বেতন স্কেল-২৯০০০-৬৩৪১০/- | ৩৭ বৎসর | ১ | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে পুরকৌশল বা এনভায়রনমেন্টাল বিষয়ে স্নাতক ডিগ্রিসহ এনভায়রনমেন্টাল সাইন্স বা ইঞ্জিনিয়ারিং বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রি;<br>(খ) সংশ্লিষ্ট ক্ষেত্রে অন্যূন ৪ (চার) বৎসরের চাকরি। |
| ১১। | সহকারী প্রোগ্রামার (ডাটাবেজ)<br>গ্রেড-৯, বেতন স্কেল-২২০০০-৫৩০৬০ | ৩০ বৎসর | ১ | কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে কম্পিউটার সায়েন্স/ কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং/ ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রোনিক্স ইঞ্জিনিয়ারিং/ ইনফরমেশন এন্ড কমিউনিকেশন টেকনোলজি সংশ্লিষ্ট বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি; |
| ১২। | সহকারী পরিচালক<br>গ্রেড-৯, বেতন স্কেল-২২০০০-৫৩০৬০ | ৩০ বৎসর | ১ | কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে যেকোনো বিষয়ে প্রথম বা দ্বিতীয় শ্রেণির স্নাতকোত্তর ডিগ্রি বা দ্বিতীয় শ্রেণির স্নাতক (সম্মান) ডিগ্রিসহ দ্বিতীয় শ্রেণির স্নাতকোত্তর ডিগ্রি। |
| ১৩। | সহকারী ম্যাস ট্রানজিট ইঞ্জিনিয়ার (এমআরটি)<br>গ্রেড-৯, বেতন স্কেল-২২০০০-৫৩০৬০ | ৩০ বৎসর | ১ | কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে পুরকৌশল বা যন্ত্রকৌশল বা তড়িৎকৌশল বিষয়ে স্নাতক ডিগ্রি। |
| ১৪। | সহকারী ম্যানেজার (ট্রাফিক সার্ভে)<br>গ্রেড-৯, বেতন স্কেল-২২০০০-৫৩০৬০ | ৩০ বৎসর | ১ | কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে পুরকৌশল বিষয়ে স্নাতক ডিগ্রি; |
| ১৫। | সহকারী ম্যাস ট্রানজিট প্ল্যানার (এমআরটি)<br>গ্রেড-৯, বেতন স্কেল-২২০০০-৫৩০৬০ | ৩০ বৎসর | ১ | কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে পুরকৌশল বা যন্ত্রকৌশল বা তড়িৎকৌশল বিষয়ে স্নাতক ডিগ্রি। |
| ১৬। | সহকারী ম্যাস ট্রানজিট প্ল্যানার (বিআরটি)<br>গ্রেড-৯, বেতন স্কেল-২২০০০-৫৩০৬০ | ৩০ বৎসর | ১ | কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে পুরকৌশল বা যন্ত্রকৌশল বিষয়ে স্নাতক ডিগ্রি। |
| ১৭। | সহকারী ম্যাস ট্রানজিট ইঞ্জিনিয়ার (বিআরটি)<br>গ্রেড-৯, বেতন স্কেল-২২০০০-৫৩০৬০ | ৩০ বৎসর | ১ | কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে পুরকৌশল বা যন্ত্রকৌশল বিষয়ে স্নাতক ডিগ্রি। |
| ১৮। | সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার<br>গ্রেড-৯, বেতন স্কেল-২২০০০-৫৩০৬০ | ৩০ বৎসর | ১ | কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে কম্পিউটার সায়েন্স/ কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং/ ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক্স ইঞ্জিনিয়ারিং/ ইনফরমেশন এন্ড কমিউনিকেশন টেকনোলজি সংশ্লিষ্ট বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি। |
| | | মোট | ১৮ | |

**শর্তসমূহ :**

১. নিয়োগ বিজ্ঞপ্তি www.rthd.gov.bd, www.dtca.gov.bd ও http://dtca.teletalk.com.bd ওয়েবসাইটে পাওয়া যাবে।
২. প্রার্থীগণকে http://dtca.teletalk.com.bd ওয়েবসাইটে প্রবেশপূর্বক Online Application Forn পূরণ করার মাধ্যমে আবেদন করতে হবে। আবেদন করার পদ্ধতি উল্লিখিত ওয়েবসাইট হতে বিস্তারিত জানা যাবে। আবেদনপত্র আগামী ০৫ মে, ২০২১ তারিখ সকাল ৯.০০ ঘটিকা হতে ০৭ জুন, ২০২১ তারিখ রাত ১২.০০ ঘটিকা পর্যন্ত গ্রহণ করা হবে।
৩. আবেদন ফি বাবদ ১০০০.০০ (এক হাজার) টাকা (অফেরতযোগ্য) Teletalk এর Prepaid নম্বর থেকে SMS এর মাধ্যমে প্রদান করতে হবে।
৪. আবেদনকৃত প্রার্থীগণের মধ্য হতে বাছাইকৃত ও যোগ্য প্রার্থীগণকে লিখিত পরীক্ষার জন্য আহ্বান করা হবে। লিখিত পরীক্ষায় মেধাক্রমের ভিত্তিতে উপযুক্ত প্রার্থীগণকে মৌখক পরীক্ষার জন্য ডাকা হবে। এ ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।
৫. মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষা (এসএসসি) বা সমমানের পরীক্ষার সনদপত্রে উল্লেখিত জন্মতারিখ অনুযায়ী প্রার্থীর বয়স আবেদনপত্র দাখিলের শেষ তারিখে সারণিতে বর্ণিত পদের পাশে উল্লিখিত বয়সসীমার মধ্যে হতে হবে। বয়সের ক্ষেত্রে কোনো এফিডেভিট গ্রহণযোগ্য নয়।
৬. শিক্ষাজীবনে কোনো স্তরে পরীক্ষায় তৃতীয় শ্রেণির ফলাফল গ্রহণযোগ্য নয় (এসএসসি/ এইচএসসি বা সমমানের পরীক্ষা এবং অনুমোদিত বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রদত্ত সিজিপিএ ৪ এবং ৫ পয়েন্ট স্কেলে যথাক্রমে সর্বনিম্ন সিজিপিএ ২.৫০ ও ৩.০০)।
৭. O Level এবং A Level এর ক্ষেত্রে এদেশীয় সংশ্লিষ্ট শিক্ষা বোর্ড হতে ইস্যুকৃত সমমান সার্টিফিকেট (Equivalence Certificate), বিদেশি বিশ্ববিদ্যালয় হতে প্রাপ্ত ডিগ্রির ক্ষেত্রে দেশি সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয়/ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন/ উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক ইস্যুকৃত সমমান সার্টিফিকেট (Equivalence Certificate) অনুযায়ী ডিগ্রি ও ফলাফলের তথ্য প্রদান করতে হবে।
৮. একজন প্রার্থী কেবলমাত্র ০১ (এক)টি পদের জন্য আবেদন করতে পারবেন।
৯. সরকারি, আধা-সরকারি স্বায়ত্তশাসিত বা প্রকল্পে কর্মরত আগ্রহী প্রার্থীগণকে যথাযথ কর্তৃপক্ষের অনুমতি গ্রহণপূর্বক আবেদন করতে হবে এবং অনুমতিপত্রের মূলকপি মৌখিক পরীক্ষার সময় জমা দিতে হবে।
১০. কোনো পর্যায়ের পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীগণকে টিএ-ডিএ প্রদান করা হবে না।
১১. চূড়ান্তভাবে মনোনীত প্রার্থীকে অবশ্যই নির্ধারিত চিকিৎসক-চিকিৎসা প্রতিষ্ঠান কর্তৃক স্বাস্থ্য পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে।
১২. লিখিত পরীক্ষার সময় পরীক্ষার্থীগণকে অবশ্যই প্রয়োজনীয় প্রস্তুতিসহ কলম-পেন্সিলসহ অন্যান্য প্রয়োজনীয় সরঞ্জাম সাথে আনতে হবে। প্রবেশপত্রে প্রদত্ত নির্দেশনা এ ক্ষেত্রে প্রযোজ্য হবে।
১৩. মৌখিক পরীক্ষার সময় পরীক্ষার্থীগণকে অবশ্যই সকল সনদ, অভিজ্ঞতা NID (যদি থাকে) ও প্রশিক্ষণের মূল কপি প্রদর্শন করতে হবে এবং প্রত্যেকটি সনদের ১ (এক) কপি সত্যায়িত ছায়ালিপি ও ২ (দুই) পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি জমা দিতে হবে।
১৪. নিয়োগের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে এবং কর্তৃপক্ষ প্রয়োজনে পদসংখ্যা হ্রাস-বৃদ্ধি বা সমন্বয় করতে পারবেন।
১৫. তথ্য গোপন বা ভুল তথ্য প্রদান করে চাকুরিতে নিয়োগপ্রাপ্ত হলে সংশ্লিষ্ট প্রার্থীর নিয়োগাদেশ বাতিল করে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।
১৬. যেকোনো ধরনের তদবির বা ব্যক্তিগত যোগাযোগ প্রার্থীর অযোগ্যতা হিসেবে গণ্য হবে।
১৭. লিখিত পরীক্ষার সময়সূচি ও স্থান (কেন্দ্রের ঠিকানা), প্রবেশপত্র, মৌখিক পরীক্ষার সময়সূচি, ফলাফল ও অন্যান্য প্রয়োজনীয় বিষয় আবেদনকারী কর্তৃক প্রদত্ত মোবাইল ফোন নম্বরে SMS এর মাধ্যমে প্রদান করা হবে। এ ছাড়াও টেলিটক এর ওয়েবসাইট http://dtca.teletalk.com.bd এবং ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষের ওয়েবসাইটে www.dtca.gov.bd এ পাওয়া যাবে।
১৮. কর্তৃপক্ষ কোনো কারণ দর্শানো ব্যতিরেকে নিয়োগ বিজ্ঞপ্তির আংশিক সংশোধন বা সম্পূর্ণ বিজ্ঞপ্তি বা পুরো নিয়োগ প্রক্রিয়া বাতিল বা সাময়িকভাবে স্থগিত করার ক্ষমতা সংরক্ষণ করে এবং নিয়োগ বিজ্ঞপ্তিতে উল্লিখিত কোনো বিষয় বা অংশের অধিকতর ব্যাখ্যার প্রয়োজনে নিয়োগকারী কর্তৃপক্ষ প্রদত্ত ব্যাখ্যাই চূড়ান্ত বলে গণ্য হবে।

নির্বাহী পরিচালক
ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ